দৈনিক ইনকিলাব

তারিখ JUN. 2 4 1999
পৃষ্ঠা ৩ কলাম 2

২০3

# খুলনায় বি এল কলেজ শিক্ষকদের কর্মবিরতি

**খুলনা ব্যুরো ঃ** বি এল কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক সাধন রঞ্জন ঘোষের বাসায় হামলার সুষ্ঠু বিচারের দাবীতে বুধবার বি এল বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষকগণ কর্মবিরতি পালন করেন। আজ (বৃহস্পতিবার) শিক্ষকরা এ ঘটনার প্রতিবাদে নগরীতে মৌন মিছিল বের করবেন।

বুধবার শিক্ষক পরিষদের এক সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী ২৭ জুনের মধ্যে পুলিশ প্রশাসন আসামীদের গ্রেফতার করতে ব্যর্থ হলে বি এল কলেজ শিক্ষক পরিষদ আরো কঠোর কর্মসূচী ঘোষণা করবে। ২৮ জুন সভার মাধ্যমে এ কর্মসূচী ঘোষণা করা হবে। ঘটনার সুষ্ঠু বিচার না হওয়া পর্যন্ত শিক্ষকগণ কালো ব্যাজ ধারণ করবেন।

উল্লেখ্য, গত ২০ জুন কতিপয় উচ্ছৃংখল ছাত্র অধ্যাপক সাধন রঞ্জনের বাসভবনে হামলা চালায়।